স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

অষ্টম পত্র

Anubad, Bananbidhi, Sampadona, Anuchhed, Protibedan : EBG-8

সময় ঃ চার ঘণ্টা

পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) অনুবাদের সমস্যাগুলি কী কী উদাহরণসহ আলোচনা করুন। অনুবাদের সমস্যার সমাধান সম্পর্কে আপনার মতামত উল্লেখ করুন। ১৪ + ৬

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(খ) রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি'-র ইংরাজি অনুবাদের সঙ্গে মূলের তুলনামূলক আলোচনা করুন। রবীন্দ্রনাথের অনুবাদ সম্পর্কে এজরা পাউন্ডের মতামত নিজের ভাষায় লিখুন। ১৪ + ৬

(গ) উইলিয়াম কেরি থেকে বঙ্কিমচন্দ্রের কাল পর্যন্ত বাংলা বানানের বিবর্তন বিষয়ে দৃষ্টান্তসহ আলোকপাত করুন।

(ঘ) টাইপসজ্জা ও মার্জিন, শিরোনাম এবং উপশিরোনাম সম্পর্কে বিস্তৃত আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) সাংবাদিক সংরূপ কী ? এই সংরূপের বিচার কীভাবে করা হয় আলোচনা করুন। ৪ + ৮

(খ) একটি সাংবাদিক প্রতিবেদন রচনার রূপরেখাটি সংক্ষেপে আলোচনা করুন। একজন ভালো প্রতিবেদকের মধ্যে কী কী গুণ থাকা জরুরি বলে আপনি মনে করেন এবং কেন ? ৮ + ৪

(গ) গঙ্গাদূষণ বিষয়ে বেতার প্রচারের উপযোগী একটি প্রতিবেদন রচনা করুন।

(ঘ) 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপন বিষয়ে সংবাদপত্রে প্রকাশোপযোগী একটি অনুচ্ছেদ রচনা করুন।

(ঙ) প্রকাশনা ক্ষেত্রে প্রুফ রিডিং-এর নিয়ম ও প্রয়োজনীয়তা বিষয়ে সংক্ষেপে লিখুন।

(চ) অ-তৎসম বাংলা বানানে সরলীকরণের সূত্র কতটা সফল হতে পারে 'আকাদেমি গৃহীত বানানবিধি' অনুযায়ী দৃষ্টান্তসহ উল্লেখ করুন। সরলীকরণের প্রয়াস যে সব ক্ষেত্রে খাটে না তেমন কয়েকটির উল্লেখ করুন।

(ছ) বাংলা বর্ণ এবং উচ্চারণের সংগতি এবং অসংগতির নির্দিষ্ট ক্ষেত্রগুলি দৃষ্টান্ত দিয়ে দেখান।

(জ) চতুর্দশ শতকে বাংলা বানানের স্বরূপ কেমন ছিল কতিপয় দৃষ্টান্তসহ আলোচনা করে দেখান।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) গ্যেটে পারস্পরিক সাহিত্যের বিনিময়ের ক্ষেত্রে অনুবাদের আশ্রয় নিতে চেয়েছিলেন কেন ?

(খ) চর্যাপদের সময়ে ব্যবহৃত বাংলা বানানবৈশিষ্ট্যের চারটি উদাহরণ দিন।

(গ) ভূদেব চৌধুরি প্রস্তাবিত বাংলা বানান সরলীকরণ বিষয়ে সংক্ষেপে লিখুন।

(ঘ) কপি পরীক্ষা কী ? সংক্ষেপে লিখুন।

(ঙ) সাময়িকপত্র সম্পাদনা বিষয়ে সংক্ষেপে লিখুন। কয়েকটি উনিশ শতকীয় সাময়িকপত্র ও সম্পাদকের নামোল্লেখ করুন।

(চ) ১৯৩৬ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় বানান সংস্কার সমিতির মূল প্রস্তাবগুলি কী ছিল ?

(ছ) যে-কোনো একটি কোম্পানির সংবিধিবদ্ধ প্রতিবেদন রচনা করুন।

(জ) 'বিশ্ব নারী দিবস' বিষয়ে একটি অনুচ্ছেদ রচনা করুন।